গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট
শিক্ষা ভবন, ঢাকা

বিষয়: ২০২৩-২০২৪ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ মিজানুল হক চৌধুরী, (অতিরিক্ত সচিব), মহাপরিচালক
তারিখ : ০৫ ডিসেম্বর, ২০২৩ খ্রি.
সময় : সকাল ৯.০০টা
স্থান : সভাকক্ষ, সিপিইআইইউএম, শিক্ষা ভবন, ঢাকা।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশ করা হলো।

২। সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার আলোচ্যসূচি অনুযায়ী বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয়। এছাড়া ২০২৩-২০২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার কার্যক্রমসমূহ পর্যালোচনা করা হয়। অতঃপর বিস্তারিত আলোচনাপূর্বক নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নম্বর | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১. | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ; | বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণীতে কোনোরূপ সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণের বিষয়ে আলোচনা করা হয়। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ১ম ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ২. | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন। | বিকল্প ফোকাল পয়েন্ট জানান, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ১.৪ কার্যক্রম অনুযায়ী চলতি অর্থবছরের ২য় ও ৪র্থ ত্রৈমাসিকে প্রশিক্ষণ আয়োজনের কর্মপরিকল্পনা রয়েছে। ইতোমধ্যে ২য় ত্রৈমাসিকে ইউনিটের কর্মকর্তা ও তৃতীয় শ্রেণির কর্মচারীদের জন্য 'সরকারি চাকরি আইন, ২০১৮' ও চতুর্থ শ্রেণির কর্মচারীদের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, নৈতিকতা ও মূল্যবোধ ও সরকারি চাকরি আইন, ২০১৮' বিষয়ে দিনব্যাপী প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। চতুর্থ ত্রৈমাসিকে অবশিষ্ট একটি প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ১.৪ কার্যক্রম অনুযায়ী ৪র্থ ত্রৈমাসিকে নির্ধারিত প্রশিক্ষণ আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ৩. | ২০২৩-২৪ অর্থবছরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ। | ইউনিটের ২০২৩-২৪ অর্থবছরের রাজস্ব বাজেটের ক্রয়-পরিকল্পনা প্রণয়নপূর্বক অনুমোদন করে ইউনিটের ওয়েবসাইটে প্রকাশের বিষয়ে আলোচনা করা হয়। বিগত সভায় ইউনিটের পরিচালক (প্রশাসন ও অর্থ) ও হিসাবরক্ষণ কর্মকর্তাকে পিপিআর-২০০৮ এর তফসিল ৫-এ বর্ণিত ফর্ম অনুসরণ করে রাজস্ব বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা প্রণয়ন ও অনুমোদনপূর্বক ওয়েবসাইটে প্রকাশের দায়িত্ব প্রদান করা হয়। কিন্তু অদ্যাবধি বর্ণিত কর্মকর্তাদ্বয়ের নিকট থেকে ক্রয়-পরিকল্পনা পাওয়া যায়নি। তাঁদেরকে তাগিদ প্রদানের বিষয়ে আলোচনা করা হয়। | ইউনিটের ২০২৩-২৪ অর্থবছরের রাজস্ব বাজেটের ক্রয়-পরিকল্পনা প্রণয়ন ও অনুমোদনপূর্বক ইউনিটের ওয়েবসাইটে বিধিমতে নিয়মিত প্রকাশের জন্য পরিচালক (প্রশাসন ও অর্থ) ও হিসাবরক্ষণ কর্মকর্তাকে তাগিদ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন ও অর্থ) ও হিসাবরক্ষণ কর্মকর্তা |
| ৩. | অধীনস্ত শাখা পরিদর্শনসহ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ৩.৪ কার্যক্রম অনুযায়ী প্রতি | প্রতি ত্রৈমাসিকে পরিচালক (প্রশাসন ও অর্থ)/উপপরিচালক | পরিচালক (প্রশাসন ও |

| ক্রমিক নম্বর | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | পেন্ডিং/অনিষ্পন্ন/অনিয়মের উপর জবাবদিহিমূলক ব্যবস্থা গ্রহণ। | ত্রৈমাসিকে পরিচালক (প্রশাসন ও অর্থ)/উপপরিচালক (প্রশাসন)/উপপরিচালক (অর্থ ও হিসাব) কর্তৃক অধীনস্ত শাখাসমূহ পরিদর্শন করে পেন্ডিং ও অনিয়ম/অনিষ্পন্ন কাজসহ প্রাপ্ত অনিয়মের উপর জবাবদিহিমূলক ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। | (প্রশাসন/অর্থ ও হিসাব কর্তৃক অধীনস্ত শাখাসমূহ পরিদর্শন করে পেন্ডিং ও অনিয়ম/অনিষ্পন্ন প্রাপ্ত অনিয়মের উপর জবাবদিহিমূলক ব্যবস্থা গ্রহণ নিশ্চিতের সিদ্ধান্ত গৃহীত হয়। | অর্থ)/ উপপরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (অর্থ ও হিসাব) |
| ৫. | বিবিধ। | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর ৪.১.১ এর অনুযায়ী ই-নথিতে ইউনিটের ৮০% নথি নিষ্পত্তির কর্মপরিকল্পনা রয়েছে। কিন্তু ইউনিটের আইন, অর্থ, প্রশাসনসহ অন্যান্য শাখায় প্রয়োজনীয় সংখ্যক স্ক্যানার না থাকায় ই-নথিতে নথি উপস্থাপন সম্ভব হচ্ছে না। ফলে উক্ত বিষয়ে কর্মসম্পাদন সূচকের মান কমে যাওয়ার আশঙ্কা রয়েছে। বর্ণিত অবস্থায়, জরুরি ভিত্তিতে ইউনিটের বিভিন্ন শাখায় প্রয়োজনীয় সংখ্যক স্ক্যানার সরবরাহ করার বিষয়ে আলোচনা করা হয়। এ ছাড়া ইউনিটের আইন কর্মকর্তা জনাব এস এম শংকর দেব সুতারের ডেস্কটপ কম্পিউটারটি দীর্ঘদিন অকেজো অবস্থায় পড়ে থাকায় আইন শাখার কার্যক্রম সম্পাদনে বিঘ্ন ঘটছে। তাঁকে একটি নতুন ডেস্কটপ কম্পিউটার প্রদানের বিষয়ে আলোচনা করা হয়। | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর ৪.১.১ এর অনুযায়ী ই-নথিতে নথি নিষ্পত্তির জন্য ইউনিটের বিভিন্ন শাখায় প্রয়োজনীয় সংখ্যক স্ক্যানার সরবরাহকরণসহ আইন কর্মকর্তার জন্য একটি নতুন ডেস্কটপ কম্পিউটার ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন ও অর্থ) |

৩। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
মোঃ মিজানুল হক চৌধুরী
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
ফোন:+৮৮০-২-৪১০৫০৩৮৯
ই-মেইল: cpeimu2011@gmail.com

স্মারক নং-৩৮.২০৫.০০১.০০.০০.০০৮.২০১৩. ০২৬

তারিখ: ২৮ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
১১ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপি: কার্যার্থে ও জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। পরিচালক (মনিটরিং-১/২), বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট।
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। উপপরিচালক (প্রশাসন), এ ইউনিট। কার্যবিবরণীটি ইউনিটের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
০৪। সহকারী পরিচালক (প্রশাসন), বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট।
০৫। আইন কর্মকর্তা, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট।
০৬। হিসাবরক্ষণ অফিসার, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট।
০৭। জনাব/বেগম ........................., বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট।
০৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৯। অফিস কপি।

১১/১২/২০২৩
মোঃ কামাল হোসেন
পরিচালক, প্রশাসন ও অর্থ
(অতিরিক্ত দায়িত্ব)
ফোন:+৮৮০-২-৪১০৫০৩৯১
ই-মেইল: cpeimu2011@gmail.com